গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
মহাখালী, ঢাকা।
www.dgnm.gov.bd

**তথ্য অধিকার আইন, সংক্রান্ত অংশীজনের অংশগ্রহণে সভার কার্যবিবরণী।**

সভাপতি : পরিচালক (প্রশাসন), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর।
স্থান : পরিচালক (প্রশাসন) এর অফিস কক্ষ।
তারিখ : ০৬/১২/২০২১ খ্রিঃ তারিখ।
সময় : বেলা ০৩.০০ ঘটিকায়।

সভায় উপস্থিত সদস্যগণের তালিকাঃ পরিশিষ্ট 'ক' তে সন্নিবেশিত।

সভাপতি সভার শুরুতে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে বৈশ্বিক মহামারী করোনা ভাইরাস (কোভিড-১৯) এর কারণে সামাজিক দূরত্ব নিশ্চিতপূর্বক স্বাস্থ্যবিধি অনুসরণ করে সভা শুরু করেন। তথ্য অধিকার আইন (Right to Information) এর উপর গুরুত্ব দিয়ে সকল কার্যক্রম ও সমস্যা সমাধানের সঠিক পথ নির্ণয় করে দাপ্তরিক কাজ করার গতি বৃদ্ধির দিক নির্দেশনা প্রদান করেন।

সভার আলোচ্য বিষয়সমূহের আলোচনা ও গুরুত্বপূর্ণ সিদ্ধান্তসমূহ নিম্নরূপঃ

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১ | তথ্য অধিকার আইন (RTI-Right TO Information) | তথ্য অধিকার আইন (RTI-Right TO Information) ২০২১-২২ অর্থবছরে এপিএ তে নতুন কর্মপরিকল্পনা যুক্ত হওয়ায় বিষয়টি সর্ম্পকে সম্যক/বিস্তারিত ধারনা প্রদান করা হয়। সভায় উপস্থিত সকলকে উক্ত বিষয় সর্ম্পকে ওয়েবসাইট থেকে তথ্য সংগ্রহের জন্য বিস্তারিত আলোচনা করা হয়। | তথ্য অধিকার আইন (RTI-Right TO Information) সংক্রান্ত তথ্য সকল তথ্য অধিদপ্তরের ওয়েবসাইট থেকে এ অধিদপ্তরের আওতাধীন সেবা প্রতিষ্ঠানের সেবা তত্ত্বাবধায়ক, উপ-সেবা তত্ত্বাবধায়ক ও ডিষ্ট্রিক্ট পাবলিক হেল্থ নার্সগণ সংগ্রহ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের আওতাধীন সেবা প্রতিষ্ঠানের প্রধানগণ। |
| ২ | অংশীজন নির্ধারণ | সকল কাজের সাথে জড়িত অংশীজন নির্ধারণ করে RTI বিষয়ক সভা করার বিষয়ে আলোচনা করা হয়। | নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের আওতাধীন সকল সেবা প্রতিষ্ঠানের প্রধাণগণ অংশীজনের সমন্বয়ে সভা করবেন ও সভার কার্যবিবরণী অনুযায়ী সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পরবর্তী সভায় উপস্থাপন করবেন। | সংশ্লিষ্ট কর্মকর্তা। |
| ৩ | ওয়েবসাইট ভিজিট | সকল তথ্য সংগ্রহ ও বিতরণের জন্য ডিজিএনএম এর ওয়েবসাট থেকে তথ্য সংগ্রহ করার বিষয়ে আলোচনা করা হয়। | ১। ডিজিএনএম এর সকল তথ্য সংগ্রহ ও বিতরণের জন্য নার্সিং ও মিডওয়াইফারি সেবা প্রতিষ্ঠানের প্রধানগণ ও সংশ্লিষ্ট কর্মকর্তাগণ প্রতিদিন ওয়েবসাইট ভিজিট করে তথ্য সংগ্রহ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের আওতাধীন সেবা প্রতিষ্ঠানের প্রধানগণ। |
| ৪ | শুদ্ধাচার টিম ও নৈতিকতা কমিটি গঠন | নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের আওতাধীন সকল সেবা প্রতিষ্ঠানে শুদ্ধাচার টিম গঠন ও নৈতিকতা কমিটি গঠন করার বিষয়ে আলোচনা করা হয়। | ১। ডিজিএনএম এর আওতাধীন সেবা প্রতিষ্ঠানে শুদ্ধাচার ও নৈতিকতা কমিটি গঠন করতে হবে এবং কর্মপরিকল্পনার সকল কাজ করে প্রতিবেদন ডিজিএনএম এ প্রেরণের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের আওতাধীন সেবা প্রতিষ্ঠানের প্রধানগণ। |

| | | | | |
|---|---|---|---|---|
| ৫ | এপিএ অর্জন বৃদ্ধিকরণ | ১। এপিএ তে ভাল ফলাফল অর্জন করার লক্ষ্যে প্রতি ত্রৈমাসিক প্রতিবেদন পর্যালোচনা করার বিষয়ে সার্বিক আলোচনা করা হয়।<br>২। GRS, RTI, Innovatiion. Citizen Charter এপিএ সংযোজন হওয়ায় সকল কাজ বাস্তবায়ন করার প্রক্রিয়া নিয়ে বিষয় ভিত্তিক আলোচনা করা হয়। | ১। সেবা প্রতিষ্ঠানের সেবা তত্ত্বাবধায়ক, উপ-সেবা তত্ত্বাবধায়ক ও ডিষ্ট্রিক্ট পাবলিক হেল্থ নার্সগণ প্রতি ত্রৈমাসিক এপিএ প্রতিবেদন পর্যালোচনা করবেন এবং সকল এপিএ সূচক ত্রৈমাসিক ভিত্তিতে অর্জন করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২। এপিএ তে নতুন বিষয় সংযোজন হওয়ায় বিষয়সমূহের কার্যক্রম যেমন GRS, RIT, Innovatiion, Citizen Chartert অতি গুরুত্বসহকারে বাস্তবায়ন করার নির্দেশনা প্রদান করা হয়। | নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের আওতাধীন সেবা প্রতিষ্ঠানের প্রধানগণ। |
| | পরিদর্শন | নার্সিং সেবার মান উন্নয়ন নিশ্চিত করার জন্য নার্সিং সেবা প্রতিষ্ঠান পরিদর্শন কার্যক্রম নিয়ে আলোচনা করা হয়। | নার্সিং সেবার মান উন্নয়নে প্রত্যেক বিভাগীয় সেবা প্রতিষ্ঠানের সেবা তত্ত্বাবধায়ক, উপ-সেবা তত্ত্বাবধায়ক ও ডিষ্ট্রিক্ট পাবলিক হেল্থ নার্সগণ প্রতিমাসে কমপক্ষে একবার সেবা প্রতিষ্ঠান পরিদর্শন করে প্রতিবেদন দাখিল করবেন এবং সুপারিশমালা বাস্তবায়নের পদক্ষেপ নিবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের আওতাধীন সেবা প্রতিষ্ঠানের প্রধানগণ। |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে কর্মপরিকল্পনা অনুযায়ী সকল কার্যক্রম বাস্তবায়ন অগ্রগতি তরান্বিত করার নির্দেশনা প্রদান করে সভার সমাপ্তি ঘোষনা করেন।

২২.০১.২২
মোঃ নাসির উদ্দিন
উপসচিব
পরিচালক(প্রশাসন)
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর

নং-৪৫.০৩.০০০০.০০৫.৯৯.০০২.২১- ১৪১/১(১০)

তারিখঃ ২২/০১/২০২২ খ্রিঃ

**অনুলিপিঃ** জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে

০১। অতিরিক্ত সচিব (নার্সিং ও মিডওয়াইফারি), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
০২। উপসচিব (প্রশাসন-৪, মনিটর ও সমন্বয়), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
০৩। উপ-পরিচালক (পিএমআইএস), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা। (ওয়েবসাইটে প্রকাশের জন্য)
০৪। সেবা তত্ত্বাবধায়ক/উপসেবা তত্ত্বাবধায়ক, হাসপাতাল, ঢাকা।
০৫। ডিস্ট্রিক পাবলিক হেলথ নার্স, সিভিল সার্জন অফিস, ঢাকা।
০৬। সহকারী প্রোগ্রামার, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা। (ওয়েবসাইটে প্রকাশ নিশ্চিত করার জন্য)
০৭। বিভাগীয় সহকারী পরিচালক (নার্সিং), ঢাকা।
০৮। হিসাবরক্ষণ কর্মকর্তা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
০৯। প্রসাশনিক কর্মকর্তা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
১০। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।

২১/০১/২২
সহকারী পরিচালক (সমন্বয়)
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।